যুগান্তর

তারিখ 17 JAN 2016
পৃষ্ঠা ২ ১৬ কলাম ৩

# বাকৃবিতে পে-স্কেল লংঘনের সংবাদে তোলপাড়

**বাকৃবি প্রতিনিধি**

'৮ম জাতীয় পে-স্কেল লংঘন করে উচ্চতর গ্রেড পাচ্ছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ৫০ অধ্যাপক' এ শিরোনামে ১৬ জানুয়ারি দৈনিক যুগান্তরে সংবাদ প্রকাশের পর তোলপাড় শুরু হয়েছে। বিষয়টি নিয়ে চাপের মুখে পড়েছেন ভিসি। এছাড়া শিক্ষকদের মধ্যেও মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভিসি তার সুপারিশের কারণ ব্যাখ্যা করেছেন। ভিসি অধ্যাপক ড. মো. আলী আকবর বলেন, ৮ম জাতীয় বেতন কাঠামোতে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩ নিয়ে সরকারের এখনও কোনো সুনির্দিষ্ট নির্দেশনা আসেনি। বিশ্ববিদ্যালয়ের পে-স্কেল বাস্তবায়ন কমিটি এই তিন গ্রেডে পে-ফিক্সেশন করেনি বিধায় পুরাতন নিয়ম অনুযায়ী ওই ৫০ অধ্যাপক ২য় গ্রেডে চলে যান।